

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৫৭০

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - হাওযে কাওসার ও শাফাআতের বর্ণনা

الفصل الاول (باب الْحَوْض والشفاعة)

### আরবী

وَفِي أُخْرَى لَهُ عَنْ تَوْبَانَ قَالَ: سُئِلَ عَنْ شَرَابِهِ. فَقَالَ: أَشَدُّ بَيَاضًا مِنَ اللَّبَنِ وَأَحْلَى مِنَ الْعَسَلِ يَغُتُّ فِيهِ مِيزَابَانِ يَمُدَّانِهِ مِنَ الْجَنَّةِ: أَحَدُهُمَا مِنْ ذَهَبٍ وَالْآخَرُ مِنْ ورق

رواه مسلم (37 / 2301)، (5990) ۔ (صَحِیح)

## বাংলা

৫৫৭০-[৫] অন্য এক বর্ণনায় আছে, সাওবান (রাঃ) বলেন, [রাসূলুল্লাহ (সা.) -কে জিজ্ঞেস করা হলো] তার পানীয় কেমন হবে? তিনি (সা.) বললেন, দুধের চেয়ে অধিক সাদা এবং মধু অপেক্ষা অধিক সুমিষ্ট। তাতে জান্নাত হতে আগত দুটি জলধারা প্রবাহিত হতে থাকবে। এটার একটি সোনার অপরটি চাঁদির।

# ফুটনোট

সহীহ: মুসলিম ৩৬-(২৩০০), তিরমিয়ী ৮৭৭, ইবনু মাজাহ ৪৩০২, সহীহুল জামি' ২০৫৯, আত্ তারগীব ওয়াত্ তারহীব ১১৪৬, সিলসিলাতুস সহীহাহ ২৫১৪, মুসান্নাফ আবদুর রায্যাক ২০৮৬১৪, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৩১৬৭২, মুসনাদে বায্যার ২৪৬২, মুসনাদে আহমাদ ২৫৫, আবূ ইয়া'লা ৪০৯৯, সহীহ ইবনু হিব্বান ৬৪৫৫, শু'আবূল ঈমান ১০৪৮৫, আল মুজামুল কাবীর লিত্ব তবারানী ৭৫৭১, আল মু'জামুল আওসাত্ব ৩৩৮৪, আল মুসতাদরাক লিল হাকিম ২৫৫।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: সহীহ মুসলিমে সাওবান (রাঃ) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ (সা.) -কে ঐ হাওযের পানির গুণাবলি সম্পর্কে



জিজ্ঞেস করা হলো, উত্তরে তিনি (সা.) বললেন, সেটা দুধের চেয়েও অধিক সাদা এবং মধুর চেয়ে অধিক মিষ্ট। এ পানি জান্নাতের মূল হাওয থেকে দুটি স্বর্ণ ও রৌপ্যের জলপ্রবাহ দিয়ে এসে হাওযে স্বজোরে পতিত হচ্ছে। (মিরক্বাতুল মাফাতীহ)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ সাওবান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন